চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম ।

প্রেস বিজ্ঞপ্তি

নওফেল"র সমর্থনে চমেকে মেয়র

স্বাধীনতা বিরোধীরা ক্ষমতায় আসলে দেশে হত্যা, লুট ও মানি লন্ডারিং হয়

চট্টগ্রাম- ২৩ শে ডিসেম্বর-২০১৮ইংরেজী ।

চট্টগ্রাম -৯ আসনে আওয়ামী লীগ প্রার্থী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেলের সমর্থনে চিকিৎসা পেশাজীবী সমাজ সম্মিলিত ঐক্য সমাবেশের আয়োজন করে। বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ), স্বাধীনতা চিকিৎসক পরিষদ, চমেকসু, চট্টগ্রাম মেডিকেল কলেজ ছাত্র লীগ, চমেকহা নার্সেস এসোসিয়েশন, তৃতীয় -চতুর্থ শ্রেণি কর্মকর্তা-কর্মচারী পরিষদ ও চমেক শিক্ষক সমিতির যৌথ আয়োজনে চমেক শাহ আলম বীরোত্তম মিলনায়তনে গতকাল শনিবার এই সমাবেশ অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশন মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সিটি মেয়র চট্টগ্রাম-৯ আসনের প্রার্থী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেলকে সকলের কাছে পরিচয় করিয়ে দিয়ে বলেন,অনুষ্ঠিতব্য আগামী ৩০শে ডিসেম্বর-২০১৮ একাদশ জাতীয় সংসদ নির্বাচন জাতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ।এই নির্বাচনে স্বাধীনতার পক্ষের শক্তি দেশ পরিচালনা করবে, না স্বাধীনতা বিরোধীরা পরিচালনা করবে-তা নির্ধারিত হবে । স্বাধীনতার শক্তি ক্ষমতা আসলে দেশের উন্নয়ন হয় আর স্বাধীনতা বিরোধীরা ক্ষমতা আসলে হত্যা,লুট,মানি লন্ডারিং হয়। বিএনপি-জামায়াত জোট যেনকখনো রাষ্টীয়ক্ষমতায় আসতে না পারে, আবার তারা যেন ক্ষমতায় এসে অপকর্ম করতে না পারে। উন্নয়ন ধারা বন্ধ না হয় সেদিকে আমাদের সকলকে সর্তক দৃষ্ঠি রাখতে হবে। দেশে উন্নয়নের ধারাবাহিকতা অক্ষুন্ন ও চলতে থাকে সেই লক্ষে আগামী নির্বাচনে নৌকা মার্কায় এবং মহাজোট প্রার্থীদের ভোট দেয়ার আহবান জানান সিটি মেয়র। সভায় নৌকার প্রার্থী মহিবুল হাসান চৌধুরী (নওফেল) সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে উন্নয়ন এর ধারা অব্যাহত রাখতে নৌকার প্রতি আস্থা রাখার জন্য অনুরোধজানিয়ে বলেন চিকিৎসকরা সমাজের অগ্রসর অংশ। আপনাদের উপর জনগণের ভরসাও উচ্চতর। আপনারা নিজ পরিবার, আত্মীয় স্বজন সবাইকে সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের কথা বলবেন। তাদেরকে নৌকায় ভোট দেবার ব্যাপারে উদ্বুদ্ধ করবেন বলে তিনি প্রত্যাশা করেন।ব্যারিষ্টার নওফেল আরো বলেন জাতির পিতার স্বপ্ন ছিল যারা এখনোও অবহেলিত ভাত - কাপড় পায় না,কাজ করে আয় করার সুযোগ নেই ,তাদের সুযোগ সুবিধা করে দেয়া। শিক্ষা ও স্বাস্থ্যসেবার ক্ষেত্রে গ্রামীণ জনগোষ্ঠি উন্নয়ন করতে হবে। একমাত্র আওয়ামী লীগ সরকারই পারে বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়ন করতে । তাই জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে সর্বস্তরের মানুষকে নৌকা প্রর্তীকে ভোটদানের আহবান জানান ব্যরিস্টার নওফেল। বিএমএ চট্টগ্রাম সভাপতি অধ্যাপক ডা. মুজিবুল হক খানের সভাপতিত্বে ও সাংগঠনিক সম্পাদক ডা. মুইজ্জুল আকবর চৌধুরীর সঞ্চালনায় ঐক্য সমাবেশে বিএমএ সাধারণ সম্পাদক ডা. ফয়সল ইকবাল চৌধুরী, নগর আওয়ামী লীগ সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, আইভিএ সভাপতি মাকতুম তালুকদার সজীব, সাধারণ সম্পাদক শোয়েব হোসাইন, চমেক ভিপি জামিউর রহমান আকাশ, জিএস এমএ আওয়াল রাফি, চমেক ছাত্রলীগ সভাপতি ওয়াসিম সাজ্জাদ রানা, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান বক্তব্য রাখেন।

প্রেস বিজ্ঞপ্তি

ইয়ং ইঞ্জিনিয়ার্স ফোরাম আয়োজিত উদ্দীপনামূলক নির্বাচনী প্রচারণা ও প্রযুক্তিবিদদের প্রণোদনা সমাবেশে সিটি মেয়র আ.জ.ম নাছির উদ্দীন

প্রধানমন্ত্রী শেখ হাসিনার শাসনামলে বাংলাদেশ আজ উন্নত বিশ্বের পদযাত্রী

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ২৩ ডিসেম্বর'১৮ইং

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ.জ.ম নাছির উদ্দীন বলেছেন, বাঙালি জাতিসত্ত্বা রক্ষায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার লড়াই সংগ্রামে জীবন বাজি রেখে আরেকটি মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়তে হবে। যে কোন কঠিন চ্যালেঞ্জ মোকাবেলা করে আওয়ামী লীগ জাতিকে সঠিক মুক্তির পথে সন্ধান দিয়েছে। এ পথ যদি আমরা হারিয়ে ফেলি বাংলাদেশ আবার পাকিস্তান হয়ে যাবে। তিনি গতকাল সকালে নগরীর আইইবি চট্টগ্রাম কেন্দ্রীয় মিলনায়তনে ইয়ং ইঞ্জিনিয়ার্স ফোরাম আয়োজিত চট্টগ্রাম মহনগরী এলাকার নৌকা প্রতীকের প্রার্থী সংসদীয় আসন বাকলিয়া-কোতোয়ালী, হালিশহর-ডবলমুরিং-খুলশী, বন্দরপতেঙ্গা আসনের প্রাথী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, ডা. আফছারুল আমীন, এম এ লতিফ এর পক্ষে উদ্দীপনামূলক নির্বাচনী প্রচারণা ও তরুণ ব্যবসায়ী প্রযুক্তিবিদদের প্রণোদনা এ সমাবেশে সিটি মেয়র একথাগুলো বলেন। তিনি আরো বলেন- একটি জ্ঞান-বিজ্ঞান প্রযুক্তি নির্ভর সমাজ বির্নিমানে দিন বদলের স্বপ্ন নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শাসনামলে বাংলাদেশ আজ উন্নত বিশ্বের পদযাত্রী। মহানগরীর সংসদীয় আসনে আমাদের সন্তান মহিবুল হাসান চৌধুরী নওফেল, অগ্রজ নেতা আফছারুল আমীন এবং এম এ লতিফ ভাইসহ সকল নৌকার প্রার্থীকে বিজয়ী করতে পারলে আমরা স্বাধীনতা সার্বভৌমত্ব, গণতন্ত্র ও সংবিধানকে রক্ষা করতে পারবো। চট্টগ্রাম-৯ সংসদীয় আসনের নৌকা প্রতীকের মাঝি ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেন, চট্টগ্রামের উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা লক্ষাধিক কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন করেছেন। এ চট্টগ্রাম শুধুমাত্র ঢাকা কেন্দ্রিক নয়, চট্টগ্রাম জাতীয় অর্থনীতির মূল চালিকাশক্তি। এই অভিপ্রায় ব্যক্ত করে আপনাদের কাছে শুধু আমার জন্য নয়, যারা নৌকা প্রতীকের প্রার্থী হয়েছেন তাদের জন্য ভোট প্রার্থনা করি। বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের সহ-সভাপতি প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক বলেন- প্রকৌশলগত দিক থেকে বাংলাদেশ তৃতীয় বিশ্বে একটি উন্নয়নের মডেল। আমরা প্রকৌশলীরা নতুন বাংলাদেশ বির্নিমানে নিবেদিত আছি। নৌকার বিজয় হলে বাংলাদেশ সামনের দিকে এগিয়ে যাবে। শুভেচ্ছা বক্তব্যে বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট চট্টগ্রাম জেলার সাধারণ সম্পাদক খোরশেদ আলম বলেন- আমাদের হারাবার কিছু নেই। বিশ্বকে জয় করার মত ক্ষমতা আমাদের আছে। আমরা দেশকে দারিদ্র বিমোচনে শেখ হাসিনার অগ্রযাত্রায় সারথী। এখন একমাত্র লক্ষ ৩০ ডিসেম্বর ভোট যুদ্ধে নৌকার বিজয়।সভাপতির ভাষণে ইয়ং ইঞ্জিনিয়ার্স ফোরাম কেন্দ্রীয় কমিটির সভাপতি প্রকৌশলী রাজীব বড়ুয়া বলেন- একজন প্রকৌশলী হিসেবে আমি মনে করি আমাদের যুক্তিচিন্তা প্রয়োগ করার ক্ষমতা অর্জণ করেছি। এ ক্ষমতা ব্যক্তিক স্বার্থে নয়, জনগণের জন্য নিবেদিত আজ পদ্মাসেতু দৃশ্যমান। বিশ্ব ব্যাংকের সাহায্য ছাড়াই নিজস্ব তহবিলের শেখ হাসিনা প্রমাণ করেছেন আত্মশক্তিই জেগে উঠার প্রধান অবলম্বন। ইয়ং ইঞ্জিনিয়ার্স ফোরাম কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক প্রকৌশলী রাশেদুল আবেদীন সাজিদ এর সঞ্চালনায় অনুষ্ঠিত ইয়ং ইঞ্জিনিয়ার্স ফোরাম আয়োজিত উদ্দীপনামূলক নির্বাচনী প্রচারণা ও প্রযুক্তিবিদদের প্রণোদনা সমাবেশে আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের কার্য নির্বাহী সদস্য হাজী বেলাল আহমদ,আওয়ামী লীগ নেতা রায়হান ইউসুফ, শ্রমিক নেতা আবুল হেসেন আবু, প্রকৌশলী অভিজিত কুমার দে, প্রবীর কুমার বড়ুয়া, প্রকৌশলী তানভিরুল ইসলাম, প্রকেশীশলী পুস্পেন দেওয়ান, প্রকৌশলী প্রসেনজিত বড়ুয়া, প্রকৌশলী অমিত চক্রবর্তী, প্রকৌশলী সঞ্জয় কুমার টিংকু, প্রকৌশলী হাবিবুর রহমান, প্রকেশীশলী হাবিবুল বাকের, প্রকৌশলী শৃজন মজুমদার, সংস্কৃতি কর্মী সরিত চৌধুরী সাজু, আরিফুর রহমান,অভি দাশ প্রমুখ। **শেষে** ইয়ং ইঞ্জিনিয়ার্স ফোরাম কেন্দ্রীয় কমিটির সদস্যবৃন্দ নগরীর সংসদীয় আসন-৯,১০,১১ ও ৮ নির্বাচনী এলাকায় নৌকা প্রতীকের পক্ষে গণসংযোগ ও বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকায় আওয়ামী লীগ সরকারের উন্নয়নমূলক প্রচারণা কার্যক্রম প্রামাণ্যচিত্র প্রদর্শিত করা হয়।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন